



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০-৬৭২২/১৪

তারিখ: ২১/০২/২০২১ খ্রি.

বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কর্মসূচি।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.১৬.০০৭.১৬-৬৮, তারিখ: ০৯/০২/২০২১ খ্রি.

(২) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারকনং-৪৩.০০.০০০০.১২৪.২৩.১৬০.২০.৮৪, তারিখ: ২৪/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী অনুসারে বিভিন্ন অনুষ্ঠান সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

ক্র: নং	কর্মসূচি
০১	একুশে ফেব্রুয়ারি সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং আওতাধীন অফিসসমূহের ভবনে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। সূর্যোদয়ের সময় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম (বাংলাদেশ ফ্লাগ রুলস অনুযায়ী) অনুসরণ করতে হবে।
০২	যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে।
০৩	শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষ্যে শিক্ষার্থীদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান এর মধ্যে যেটি সুবিধাজনক তা অনলাইনে আয়োজন করবে।
০৪	স্বাস্থ্যবিধি মেনে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান/সংগঠনের পক্ষ হতে একসাথে সর্বোচ্চ ০৫ জন প্রতিনিধি পুষ্পস্তবক অর্পণের জন্য শহিদ মিনারে আসবেন।

উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

18.02.2021
(প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২-৯৫৬৩৪৩৯

বিতরণ ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৩। প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৪। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৫। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৬। উপপরিচালক (সকল), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৭। উপপরিচালক (কলেজ,সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৯। জেলা শিক্ষা অফিসার (সকল), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ১০। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি স্কুল (সকল), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ১২। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ১৪। সংরক্ষণ নথি।